দৈনিক খবর

তারিখ 04 SEP 1998
পৃষ্ঠা ৪ কলাম ৪

22

# ধনবাড়ী কলেজ পরিস্থিতি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য

।। স্টাফ রিপোর্টার ।।

ধনবাড়ী কলেজে বিরাজমান পরিস্থিতি সম্পর্কে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বক্তব্য দিয়েছে।

কর্তৃপক্ষের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ধনবাড়ী কলেজে বিরাজমান পরিস্থিতি সম্পর্কে বেশকিছু দিন যাবৎ বিভিন্ন পত্র-পত্রিকায় নানা ধরনের সংবাদ লক্ষ্য করা যাচ্ছে। সংশ্লিষ্ট বিষয়ে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত কলেজে বিরাজমান পরিস্থিতি সম্পর্কে কলেজের অধ্যক্ষ এবং গভর্নিং বডির চেয়ারম্যান, মধুপুরের উপজেলা নির্বাহী অফিসারের পরস্পর বিরোধী অভিযোগের প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রকৃত অবস্থা সম্পর্কে প্রতিবেদন প্রেরণের জন্য টাংগাইল জেলা প্রশাসককে বিশেষভাবে অনুরোধ করেছেন। ঘটনার ক্রমাবনতি রোধ কল্পে প্রভাব বিস্তারের জন্যও জেলা প্রশাসককে অনুরোধ জানানো হয়েছে।